মাংস বিক্রেতা ভোদড়কে আটক করে কারাগারে পাঠালেন বিচারক

এবার রোগাক্রান্ত ছাগলের মাংস বিক্রি করার অভিযোগে মেহেরপুর শহরের মাংস বিক্রেতাকে ভোদড়কে আটক করে কারাগারে পাঠানো হয়েছে।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) বেলা দেড়টার দিকে দুপুরের দিকে মেহেরপুর বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক এস,এম শরিয়ত উল্লাহ তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মাংস বিক্রেতা ভোদড় মেহেরপুর শহরের নতুন পাড়ার আব্দুল মান্নানের ছেলে।

এর আগে বেলা ১১ টার দিকে জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদের নেতৃত্বে শহরের হোটেল বাজার এলাকায় মাংসের বাজারে অভিযান চালানো হয়। মাংস বিক্রেতা ভোদড় একটি অসুস্থ ছাগলের মাংশ বিক্রি করছিলেন। এসময় তার কাছ থেকে বেশকিছু অসুস্থ্য ছাগলের মাংস উদ্ধার করা হয়।

এই অপরাধে মাংস বিক্রেতা ভোদড়কে আটক করে মেহেরপুর বিশুদ্ধ খাদ্য আদালতে নেওয়া হয়।

বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক এস,এম শরিয়ত উল্লাহ ভোদড়কে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এ সময় সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তরিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

সবুজ খান হত্যার আসামি আটক, কাইচি উদ্ধার

সবুজ খান হত্যা ঘটনায় ৭ ঘন্টায় আসামিকে আটক করেছেন আইন শৃংখলা বাহিনী। সোমবার বিকালে পুলিশ, র্যাবের যৌথ অভিযানে কোটচাঁদপুর চৌগাছা সড়ক থেকে তাকে আটক করা হয়।

জানা যায়, সোমবার সকাল ৯ টার সময় কোটচাঁদপুর পৌর শহরের পুরাতন গরুর হাট এলাকায় সবুজ খানকে কাইচি দিয়ে আঘাত করে হত্যা করে। এ ঘটনার পর থেকে র্যাব পুলিশ এলাকায় যৌথ অভিযান পরিচালনা করেন।

সোমবার বিকালে আলম আত্মগোপনে থাকা জায়গা থেকে বের হয়ে পালানোর চেষ্টা করে।

এ সময় গোপন সংবাদের ভিত্তিতে পৌর শহরের চৌগাছা সড়ক এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করেন। এ অভিযানে র্যাবের পক্ষে ছিলেন ঝিনাইদহ র্যাব ৬ এর ক্যাম্প কমান্ডার ইশতিয়াক আহম্মেদ ও সঙ্গীয় সদস্যরা।

এছাড়া কোটচাঁদপুর পক্ষে ছিলেন থানার উপপরিদর্শক হাসানুর রহমান, হারুন অর রশিদ সহউপপরিদর্শক আনিচুর রহমান সহ সঙ্গীয় সদস্যারা। র্যাব কমান্ডার বলেন,সকাল থেকে অভিযান চলমান ছিল। যা মাত্র ৭ ঘন্টার ব্যবধানে সফলতা এসেছে।
আলম হোসেন কোটচাঁদপুর সলেমানপুর দাসপাড়ার ঘড়ি ম্যাকার শামসুদ্দিনের ছেলে।

এ সময় আইন শৃংখলা বাহিনী হত্যা কান্ডে ব্যবহারিত কাইচিটি উদ্ধার করেন। তবে এ ঘটনায় থানায় এখানো পর্যন্ত মামলা হয়নি।

কোটচাঁদপুরে ইউপি সদস্য ও যুবলীগ সভাপতিকে মারপিটের ঘটনায় থানায় মামলা আটক ১

অবশেষে ইউপি সদস্য ও যুবলীগ সভাপতিকে মারপিটের ঘটনায় মামলা থানায় নথিভুক্ত হয়েছে। শনিবার কোটচাঁদপুর থানায় মামলাটি নথিভুক্ত করা হয়। ওই মামলায় ১ জনকে আটক করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

ভুক্তভোগী ইউপি সদস্য ও এলাঙ্গী ইউনিয়ন যুবলীগের সভাপতি তাজুল ইসলাম বলেন, ২৮ আগষ্ট ছিল আশাননগর কুল্লা গাছা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন। এ নির্বাচনকে কেন্দ্র করে

২৭ আগষ্ট রাতে চেয়ারম্যানের নির্দেশে ওই এলাকার ৭/৮ জন বেধড়ক মারপিট করে।

এতে করে আমি গুরুত্বর আহত হয়। এ সময় স্থানীয়রা আমাকে উদ্ধার করে স্বাস্থ্য কমপ্লেক্সে নিতে চাইলেও তারা বাধা দেন। পরে কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপারের হস্তক্ষেপে ঘটনাস্থল থেকে উদ্ধার হয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হই। ওখানে অবস্থার উন্নতি না হওয়ায় স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আমাকে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করেন।

তবে ওই ঘটনায় ২৮ আগষ্ট সকালে ১০ জনকে আসামি করে কোটচাঁদপুর থানায় একটা অভিযোগ দায়ের করি। কিন্তু ওই সময় অভিযোগটি মামলা হিসেবে নথিভুক্ত হয় না।

তবে কি কারনে নথিভূক্ত করা হয়নি,এ প্রসঙ্গে তিনি বলেন,ঘটনার পর থেকে তাদের একটি পক্ষ মিমাংসা করার চেষ্টা করে যাচ্ছিল। বিষয়টি মিমাংসা না হলে শুক্রবার রাতে ঘটনাটি নিয়ে আবারও কোটচাঁদপুর থানায় যায়। এ সময় থানা কর্মকর্তা মামলাটি নথিভুক্ত করার প্রক্রিয়া শুরু করেন।

শনিবার মামলাটি নথিভুক্ত হয়। মামলার আসামিরা হলেন, রাজিব হোসেন,আক্তার হোসেন,সাজ্জাদ হোসেন,শিবলু জামান,স্বপন আলী, রবিউল ইসলাম, শরীফ হোসেন, আনিসুর রহমান ফুটান,রাহুল হোসেন,আমিরুল সর্দার,। এদের মধ্যে স্বপনকে আটক করে পুলিশ আদালতে পাঠিয়েছেন। তাজুল ইসলাম কোটচাঁদপুর উপজেলার আশাননগর গ্রামের মৃত হবিবুর রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক ও মামলার তদন্তকারি কর্মকর্তা হারুন অর রশিদ বলেন,ইউপি সদস্যকে মারপিটের ঘটনায় থানায় এজাহার নামীয় ৮ আসামী করা হয়েছে। মামলা নাম্বার ৫,তারিখ -০৩-০৯-
২২। ওই মামলায় ১ জন আটক করে আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ ২জন আটক, মোটরসাইকেল উদ্ধার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেনসডিলসহ ঝিনাইদহের দুই যুবককে গ্রেফতার করেছে। উদ্ধার করেছে মোটরসাইকেল।

জানা যায় রবিবার বিকাল ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নির্দেশে অভিযান চালায় দর্শনা থানার ঝাঝাডাঙ্গা গ্রামে। এ সময় দর্শনা থানার এসআই(নিঃ) সোহেল রানা এ এস আই (নিঃ) হাফিজুর রহমান, এএসআই(নিঃ) তুহিনুজ্জামান, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় ঝাঝাডাঙ্গা গ্রামের শহীদুলের স্ত্রী খাতুনের বাড়ি।

পুলিশ ঝাঝাডাঙ্গা খাতুনের বাড়ি থেকে ঝিনাইদহ জেলার বোড়াই গ্রামের মাজেদ হকের ছেলে ইমতিয়াজ আলী (২৫) ও আমির হোসেনের ছেলে আলামিন (২০) কে দেহ তল্লাশি করে ৯ বোতল ফেনসডিলসহ ২ জনকে গ্রেফতার করে।

তাদের কাছ থাকে উদ্ধার করে মোটরসাইকেল। এ ঘটনায় গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে ও মোটরসাইকেলসহ মাদক আইনে দায়ের করেন মামলা। তাদের দুজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় ১০ পিস ইয়াবাসহ আটক-১

আলমডাঙ্গার রোয়াকুলি ১০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আকাশ (২৫) নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

শুক্রবার রাত ৮টার দিকে আলমডাঙ্গা থানার এসআই শরীয়তুল্লাহ জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রাম থেকে আটক করেন। সে রোয়াকুলি গ্রামের সাহাবুলের ছেলে।

আগামীকাল শনিবার তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে বলে আলমডাঙ্গা থানার (ওসি) সাইফুল ইসলাম নিশ্চিত করেছেন।

পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম বলেন, ‘মাদক বিক্রির গোপন সংবাদ পেয়ে থানার এসআই শরীয়তুল্লাহ সঙ্গীয় ফোর্স নিয়ে রোয়াকুলি গ্রামে অভিযান পরিচালনা করেন। এসময় সন্দেহ মূলক ভাবে আকাশকে আটক করে। শরীর তল্লাশি করে ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

দর্শনায় ফেনসডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসডিলসহ এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

জানাগেছে, শুক্রবার দুপুর সোয়া ২টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এস,আই তারিকুজ্জামান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ রামনগর ফুটবল মাঠের পূর্ব পাশে পাকা রাস্তার উপর।

এসময় উক্তস্থানে অভিযান পরিচালনা কালে ভারতীয় ৩৬ বোতল ফেন্সিডিলসহ পিনজিরা খাতুন (৩৫) নামের এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেন। আটক মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মাজারপোতা গ্রামের বাসিন্দা ও তরিকুল ইসলামের স্ত্রী।

আটক মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। পিনজিরা খাতুনকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুযাডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

গাংনীতে র্যাবের অভিযানে তিনটি ককটেলসহ ২ জন আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) এর একটি টিম গাংনী উপজেলার ভাটপাড়া এলাকায় অভিযান চালিয়ে ৩ টি ককটেলসহ দুই জনকে আটক করেছেন।

আটকরা হলেন, গাংনী উপজেলার কুঠি ভাটপাড়া গ্রামের সাকেম মন্ডলের ছেলে ছিফাত মন্ডল(৫৫) ও কোদাইলকাটি গ্রামের মৃত সালাম মিয়ার ছেলে আব্দুল আলিম স্বপন(৩৫)। এসময় তাদের কাছ থেকে একটি মোবাইল ফোন ও নগদ ১৪০০ শ টাকা উদ্ধার করা হয়েছে।
র্যাব-৬ ঝিনাইদহের একটি টীম মঙ্গলবার (২৩ আগষ্ট) দিবাগত মধ্যরাতে গাংনীর কুঠি ভাটপাড়া থেকে আটক করে।

আজ বুধবার (২৪ আগষ্ট) বিকেলে বিস্ফোরক আইনে মামলা দিয়ে আটকদের গাংনী থানায় হস্তান্তর করা হয়।

র্যাব-৬ গাংনী ক্যাম্পের ডিএডি নুরুল আমিন জানান, নাশকতা মূলক কর্মকান্ডের জন্য বিষ্ফোরকসহ কয়েকজন ব্যক্তি অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে কুঠি ভাটপাড়ায় অভিযান চালানো হয়।
এসময় আটককৃতদের কাছ থেকে একটি ব্যাগে তিনটি ককটেল পাওয়া গেলে তাদেরকে আটক করে ঝিনাইদহ ক্যাম্পে নেয়া হয়।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন র্যাব-৬ এর দায়ের করা মামলার আসামীদেরকে মেহেরপুর আদালতে হস্তান্তরের প্রস্তুতি চলছে।

মেহেরপুরে গাঁজাসহ সাইফুল আটক

মেহেরপুর সদর উপজেলার বারাদী ফাঁড়ি পুলিশের একটি টিম অভিযান চালিয়ে ১১০ গ্রাম গাঁজাসহ সাইফুল ইসলাম (৩০)কে আটক করেছে।

আটক সাইফুল ইসলাম সদর উপজেলার সিংহাটি উত্তরপাড়া এলাকারমৃত ইউসুফ মন্ডলের ছেলে।

আজ বুধবার (২৪ আগষ্ট) ভোররাতের দিকে বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই(নিঃ) মফিজুল ইসলামের নেতৃত্বে একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান সিংহাটি গ্রামে অভিযান চালিয়ে ১১০ গ্রাম গাঁজাসহ সাইফুলকে গ্রেফতার করে।

এঘটনায় আসামী সাইফুলের বিরুদ্ধে সদর থানায় ৩৬(১) সারণির ১৯(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮; ধারায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। মামলা নং-২৭, তাং-২৪/০৮/২০২২। আজ বুধবার (২৪ আগষ্ট) আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় ২ কেজি গাঁজাসহ নারী মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গায় ২ কেজি গাঁজাসহ সাজেদা খাতুন (৪১) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার বড়দুধ পাতিলা গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত সাজেদা খাতুন দর্শনা থামার পরানপুর বেলেমাঠ পাড়ার মৃত মোসলেম আলীর স্ত্রী।

এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, মঙ্গলবার বেলা দেড়টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউলাহ’র নেতৃত্বে পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আকবর হোসেন, সাহারা ইয়াসমিন সঙ্গীয় ফোর্স নিয়ে বড়দুধ পাতিলা গ্রামে অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ সাজেদা খাতুনকে আটক করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলাসহ সাজেদা খাতুনকে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করা হয়েছে ।

[redacted]

[redacted]